**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**BENGALI**

**DATE: 31-3-2025** **TIME: 7:35 AM**

---

বর্তমান বিশ্বে প্রযুক্তি সম্পর্কে ছাত্র ছাত্রীদের বিশেষভাবে অবগত করানোর জন্য প্রযুক্তি শিবিরের আয়োজন করা হচ্ছে যাতে ছাত্র-ছাত্রীরা নতুন এ্যাপ তৈরী করতে শেখা সহ ওপেন সোর্স সফটোয়ার সম্পর্কেও জানতে পারে । গতকাল আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানে অংশ নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীএকথা বলেন । প্রধানমন্ত্রী একইভাবে গ্রীষ্মের ছুটির সময়কালে ছাত্র ছাত্রীদের নতুন কিছু শেখানো সহ তাদের বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির জন্য পরিবেশ , নেতৃত্ব , নাটক সহ আন্যান্য সাংস্কৃতিক কার্যসূচীর ওপর শিক্ষা দেওয়ার জন্য প্রশিক্ষণের ও আয়োজন করা হয় । কোনো সংস্থা সংগঠন বা বিদ্যালয়ের উদ্যোগে যদি এধরণের কার্যসূচীর আয়োজন করা হয় তাহলে ‘ মাই হলিডেজ এর মাধ্যমে প্রচার করতে প্রধানমন্ত্রী শ্রী মোদী অনুরোধ জানিয়েছেন । প্রধানমন্ত্রী কিছুদিন পর থেকে বিভিন্ন রাজ্যে শুরু হোয়া নববর্ষ উৎসব উদযাপন উপলক্ষে সকল রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । ---বাইট ৩০ সে

---

আসাম সরকার ডিব্রুগড় জেলা থেকে শসস্ত্র বাহিনীর বিশেষ আইন ,আফসপা প্রত্যাহার করা সিদ্ধান্ত নিয়েছে । রাজ্য সরকারের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আজ থেকে এই নির্দেশ কার্য্যকর হবে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে পূর্ব ঘোষিত তিনসুকিয়া ,চরাইদেও এবং শিবসাগর জেলায় আফসপা আইন পরবর্তী ছয়মাসের জন্য বলবৎ থাকবে ।

---

গুয়াহাটী অভিমুখী বেঙ্গালুরু - গুয়াহাটী কামাখ্যা সুপার ফাষ্ট এক্সপ্রেস ট্রেনটির দূর্ঘটনা স্থল থেকে বিশেষ ট্রেন করে যাত্রীদের গন্তব্যে নিয়ে আসার ব্যবস্থা করা হয়েছে এবং রেলের উচ্চ পদস্থ আধিকারীকরা ঘটনাস্থলে তদারকি করছেন
দূর্ঘটনার ফলে ট্রেনটির ১১ টি কামড়া লাইনচ্যুত হয় এবং এই ঘটনায় পশ্চিম বঙ্গের আলিপুরদূয়ারের এক যুবকের মৃত্যু হয় এবং সাত জন যাত্রী আহত হয়েছেন । আহত যাত্রীদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে । এদিকে আহত লোকেদের মধ্যে দুজন আসামের বলে জানা গেছে । এদিকে আসাম সরকার এই দূর্ঘটনার পর তৎপরতার সঙ্গে ব্যবস্থা গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রীর কার্যালয় ওড়িশ্যা সরকার এবং রেল বিভাগের সঙ্গে যোগাযোগ রেখে চলছে । দূর্ঘটনাগ্রস্থ ট্রেনটিতে থাকা আসামের যাত্রীদের নিরাপদে রাজ্যে ফিরিয়ে আনতে মুখ্যমন্ত্রীর কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।
উল্লেখ্য গতকাল ওড়িশ্যার কটক জেলার নিরুগুন্দি রেল ষ্টেশনের কাছে দূর্ঘটনাগ্রস্থ হয় ।

---

আজ ঈদ-উল -ফিতর । পবিত্র রমজান মাসের কঠোর সিয়াম সাধনার পর আজ   ঈদ-উল ফিতর পালন করা হচ্ছে । বরাক উপত্যকার তিন জেলা কাছাড় , শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলায় আজ উৎসাহ-উদ্দীপনায় ঈদ-উল ফিতর পালন করা হচ্ছে । আজ সকাল ৯ টায় শিলচর ইটখলা ঈদগাহ ময়দানে ঈদের নামাজ পরিচালনা করবেন শিলচর বড় মসজিদের প্রধান ইমাম মৌলানা সাব্বির আহমেদ লস্কর ।  এদিকে জেলায় শান্তিপূর্ণভাবে ঈদ উল ফিতর উদযাপনের জন্য জেলা প্রশাসন প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে । জেলার ঈদগাহ , মসজিদ , বাজার সহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে পুলিশ মোতায়েন করা হয়েছে । উৎসব চলাকালীন বেপরোয়াভাবে মোটর সাইকেল চালানোর প্রবণতা রোধ করা এবং ট্রিপল রাইডিং ও হেলমেট বিহীন চলাচলের ক্ষেত্রে জেলা প্রশাসনের পক্ষ থেকে সতর্ক করে দেওয়া হয়েছে ।

---

শ্রীভূমি জেলায় আজ করিমগঞ্জ টাউন ঈদগাহে সকাল ৯ টায় ঈদের নামাজ পরিচালনা করবেন মৌলানা আব্দুল হান্নান মীসবাহী । শ্রীগৌরী ওমরপুর ঈদগাহে ঈদের নামাজ পরিচালনা করবেন উত্তর-পূর্ব ভারতের আমীরে শরীয়ত মৌলানা ইউসুফ আলী । এছাড়া কালিগঞ্জ ক্ষুদ্রাকান্দি ঈদগাহ , বদরপুর মালুয়া নাহারপুর ঈদগাহ , রাতাবাড়ির টঙ্গিবাড়ি ঈদগাহ , পাথারকান্দির সলগই ঈদগাহ , কাঠালতলির কুর্তি ঈদগাহ ময়দানে ঈদের নামাজ অনুষ্ঠিত হবে ।
হাইলাকান্দি জেলার কাটলিছড়া বাসষ্ট্যান্ড ঈদগাহে সকাল সাড়ে আটটায় ঈদের নামাজ পরিচালনা করবেন বিশিষ্ট ইসলামিক পণ্ডিত সারিফুল হক । হাইলাকান্দি টাউন ঈদগাহে নামাজ পরিচালনা করবেন মৌলানা তৈবুর রহমান লস্কর । এছাড়া জেলার অন্যান্য প্রান্ত লালা ,কাটলিছড়া , আলগাপুরে শান্তিপূর্ণভাবে ঈদ পালনের জন্য সবধরণের প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে । জেলা প্রশাসন নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তুলেছে ।

---

উধারবন্দ বিধানসভা কেন্দ্রের পানগ্রাম দ্বিতীয় খন্ড এলাকায় গতকাল সকাল সাড়ে নটা নাগাদ অগ্নিকান্ডে একটি বসতবাড়ী পুড়ে ছাই হয়ে যায় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে সাহাবুদ্দিন বড়ভুইয়া নামের এক ব্যক্তির বাড়ীতে সকালে স্থানীয়রা আগুন দেখতে পান । গ্রামবাসী ও  অগ্নি নির্বাপক বাহিনীর সহযোগীতায় আগুন নিয়ন্ত্রনে আনা সম্ভব হলেও ঘরের আসবাব পত্র পুড়ে ছাই হয়ে যায়  । আগুন লাগার কারন এখনো জানা যায় নি বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---

গুয়াহাটির □রষাপারা স্টেডিয়ামে গতকাল রাতের আই পি এল ম্যাচে ৬ রানে রাজস্থান রয়ালস ি□জয়ী হয়েছে। ম্যান অফ দ্য ম্যাচ নির্□াচিত হন নিতিশ রাণা ।

---

---